


মার্চ-২০২০-মাসের কার্যক্রম :

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক মার্চ-২০২০ মাসে ভোক্তা-অধিকার বিরোধী অপরাধের প্রতিকার স্বরূপ সতেরটি (১৭টি) লিখিত অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে এবং আইনের বিধানবলে অভিযোগকারীকে জরিমানার ২৫% প্রদান করা হয়েছে।

ভোক্তার অধিকার বিরোধী অপরাধ প্রতিরোধকল্পে মার্চ-২০২০ মাসে সহকারী পরিচালক জনাব মোঃ মাসুম আলী এর নেতৃত্বে চৌদ্দটি (১৪টি) বাজার তদারকিমূলক অভিযান পরিচালিত হয়েছে। উক্ত তদারকিমূলক অভিযানে ভিন্ন ভিন্ন আঠাশটি(২৮টি) অভিযোগের বিপরীতে সচেতনতামূলক জরিমানা আরোপ, আদায় ও উক্ত আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান করা হয়েছে এবং সেই সাথে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ নিয়ে ব্যবসায়ী ও ভোক্তাদের সচেতন করার পাশাপাশি আইন সম্বলিত বিপুল পরিমাণ লিফলেট, প্যাম্পলেট ও স্টিকার ভোক্তা ও ব্যবসায়ীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

এছাড়াও ভোক্তার অধিকার ও দায়িত্ব এবং ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে জনগণকে অবহিত ও সচেতন করার লক্ষ্যে মার্চ-২০২০ মাসে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ নিয়ে একটি (০১টি) গণশুনানী ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

‘মুজিব বর্ষের অধিকার সুরক্ষিত ভোক্তা অধিকার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ১৫ই মার্চ ২০২০ খ্রি. তারিখে রাজশাহী জেলার সকল উপজেলায় উপজেলা প্রশাসন এর আয়োজনে এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর রাজশাহী জেলা কার্যালয় এর সহযোগিতায় বিশ্ব ভোক্তা-অধিকার দিবস, ২০২০ পালিত হয়েছে।


০২.০৪.২০২০

মোঃ মাসুম আলী
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
রাজশাহী জেলা কার্যালয়, রাজশাহী
বাণিজ্য মন্ত্রণালয়